# এসএমই নীতিমালা ২০১৯

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(গেজেট প্রকাশের তারিখ)

# সূচিপত্র

## শব্দ সংক্ষেপ


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| অধ্যায়-১ | ভূমিকা | ০৪ |
| অধ্যায়-২ | রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল | ০৫ |
| অধ্যায়-৩ | প্রয়োগ ও পরিধি | ০৬ |
| অধ্যায়-৪ | বাস্তবায়ন কৌশল | ০৬-০৯ |
| | ১. ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন | ০৬ |
| | ২. প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি | ০৬ |
| | ৩. প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্যের বাজারে প্রবেশে সহায়তা | ০৭ |
| | ৪. এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্টআপ সহায়তা প্রদান | ০৭ |
| | ৫. এসএমই ক্লাস্টারভিত্তিক উদ্যোগ নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ | ০৭ |
| | ৬. তথ্য যোগাযোগ ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | ০৮ |
| | ৭. এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার | ০৮ |
| | ৮. নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান | ০৮ |
| | ৯. এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান | ০৯ |
| | ১০. পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়ন | ০৯ |
| | ১১. এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিকরূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা | ০৯ |
| অধ্যায়-৫ | কৌশল বাস্তবায়নঃ মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা | ১০-১১ |
| অধ্যায়-৬ | নীতি কৌশল পরিবীক্ষণ ও মূল্যায়ন | ১১-১৪ |
| অধ্যায়-৭ | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | ১৪-২৬ |

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| বিবিএস (BBS) | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বিসিআই (BCI) | বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ |
| বিসিসিআই (BCCI) | বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| বিসিএসআইআর (BCSIR) | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ |
| বেপজা (BEPZA) | বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ |
| বেজা (BEZA) | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ |
| বিজিএমইএ (BGMEA) | বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি |
| বিডা (BIDA) | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ |
| বিআইএম (BIM) | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট |
| বিটাক (BITAC) | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র |
| বিজেএমএ (BJMA) | বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন |
| বিকেএমইএ (BKMEA) | বাংলাদেশ নীট ওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোরটার্স এসোসিয়েশন |
| বিসিক (BSCIC) | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন |
| বিএসটিআই (BSTI) | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন |
| বিটিএমএ (BTMA) | বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন |
| বুয়েট (BUET) | বাংলাদেশ প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| বিল্ড (BUILD) | বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট |
| বাপা (BAPA) | বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশন |
| বিডব্লিউসিসিআই (BWCCI) | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| সিসিসিআই (CCCI) | চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| সিডিএম (CDM) | ক্লিন ডেভেলপমেন্ট মেকানিজম |
| সিডব্লিউএস (CWS) | ক্রেডিট হোলসেলিং |
| সিইটিপি (CETP) | সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (কেন্দ্রীয় শিল্প বর্জ্য পরিশোধানাগার) |
| ডিসিসিআই (DCCI) | ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| ডিপিডিটি (DPDT) | ডিপার্টমেন্ট অব পেটেন্ট, ডিজাইন অ্যান্ড ট্রেডমার্ক |
| ইএসএফ (ESF) | এন্ট্রাপ্রনিওরশীপ সাপোর্ট ফান্ড |
| ইপিবি (EPB) | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| এফবিসিসিআই (FBCCI) | ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| আইসিবি (ICB) | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| আইসিটি (ICT) | ইনফরমেশন অ্যানড কমিউনিকেশনস্ টেকনোলজি |
| আইপিএ (IPA) | ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি |
| আইএসও (ISO) | ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অর্গানাইজেশন (আন্তর্জাতিক মান সংস্থা) |
| এমসিসিআই (MCCI) | মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| নাসিব (NASCIB) | ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ |
| এনবিআর (NBR) | ন্যাশনাল বোর্ড অব রেভিনিউ (জাতীয় রাজস্ব বোর্ড) |
| এনপিও (NPO) | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন |
| এনএসডিএ (NSDA) | ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথরিটি (জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ) |
| পিপিপি (PPP) | পাবলিক প্রাইভেট পার্টনারশিপ |
| আরএন্ডডি (R&D) | রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (গবেষণা ও উন্নয়ন) |
| এসসিআই (SCI) | স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ (ক্ষুদ্র ও কুটির শিল্প) |
| স্কিটি (SCITI) | স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ ট্রেনিং ইন্সটিটিউট |
| এসএমই (SME) | স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান) |
| এসএমইএফ (SMEF) | এসএমই ফাউন্ডেশন (ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন) |
| ডবিউইএবি (WEAB) | উইমেন অনট্রাপ্রনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ |
| ভ্যাট (VAT) | ভ্যালু এ্যাডেড ট্যাক্স (মূল্য সংযোজন কর) |

# অধ্যায় ১
# ভূমিকা

অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এসএমই একটি শ্রমনিবিড়, স্বল্প পুঁজি নির্ভর ও উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে এসএমই অবদান রাখতে সক্ষম। অন্যান্য উন্নয়নশীল দেশের মত বাংলাদেশেও এসএমই খাতের বিকাশ ও উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। বস্তুত বাংলাদেশকে শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিণত করার ক্ষেত্রে এসএমই অনুঘটকের ভূমিকা রাখছে।

বর্তমানে দেশে কুটির শিল্পসহ প্রায় ৭৮ লাখ অতি ক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি (এমএসএমই) শিল্প প্রতিষ্ঠান রয়েছে এবং জিডিপিতে এ খাতের অবদান প্রায় ২৫ শতাংশ (এডিবি ২০১৫)। বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার যেমন প্রতিটি গ্রামে নাগরিক সুবিধা পৌঁছে দেওয়া, যুবসমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর এবং কর্মসংস্থান নিশ্চিত করার পাশাপাশি সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশকে আরও এগিয়ে নেওয়ার ক্ষেত্রে এসএমই খাত বিশেষ ভূমিকা পালন করবে।

দেশের অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত সুরক্ষার মাধ্যমে সুষম উন্নয়নের লক্ষ্যে সরকার জাতীয় শিল্পনীতি ২০১৬ এ ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে শিল্প উন্নয়নের প্রধান মাধ্যম হিসেবে ঘোষণা করেছে। দেশের ও বৈশ্বিক বিভিন্ন নীতি ও পরিকল্পনা দলিল **যেমনঃ** জাতীয় শিল্পনীতি ২০১৬, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রূপকল্প ২০২১, ২০২৪ সাল নাগাদ সফলভাবে এলডিসি উত্তরণ, এসডিজি ২০৩০ এবং রূপকল্প ২০৪১-এ প্রবৃদ্ধি অর্জনের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জনে এসএমই খাতের উন্নয়ন সহায়ক ভূমিকা পালন করবে। পর্যাপ্ত মানব সম্পদ ও বুদ্ধিবৃত্তিক সামর্থ্যের কারণে বাংলাদেশে এসএমই খাত বিকাশের সুযোগ ও অমিত সম্ভাবনা রয়েছে। তবে এ খাতকে গতিশীল করার জন্য সাযুজ্যপূর্ণ নীতি সহায়তা ও সহায়ক পরিবেশ প্রয়োজন।

দেশের এসএমই খাতের উন্নয়নে সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২০০৫ সালে প্রথমবারের মত এসএমই নীতিকৌশল প্রণীত হয়। জাতীয় শিল্পনীতি ২০১৬ এ এসএমই নীতিমালার সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট এবং মেয়াদভিত্তিক এসএমই উন্নয়ন কর্মপরিকল্পনা তৈরি করা হবে মর্মে অঙ্গীকার রয়েছে। এ পরিপ্রেক্ষিতে সরকার যথোপযুক্ত কর্মপরিকল্পনাসহ একটি এসএমই নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে।

এসএমই খাতের বিকাশকে বেগবান করার লক্ষ্যে সঠিক কৌশল ও পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। কার্যকর এসএমই কৌশল গ্রহণ প্রধানত ছয়টি বিষয়ের ওপর নির্ভর করে, যথাক্রমেঃ ১.অর্থ প্রাপ্তির সুযোগ (Access to Finance); ২. প্রযুক্তি ও উদ্ভাবনের সুযোগ (Access to Technology and Innovation); ৩. বাজার প্রবেশের সুযোগ (Access to Market); ৪. উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ (Access to Education and Training); ৫. ব্যবসা সহায়ক সেবা প্রাপ্তির সুযোগ (Access to Business Support Sevices); এবং ৬. প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির সুযোগ (Access to information)। উক্ত সুবিধাদি নিশ্চিত করার জন্য কার্যকর এসএমই উন্নয়ন কৌশল প্রণয়ন প্রধানত তিনটি বিষয়ের ওপর নির্ভর করে (১) সহায়ক নীতি ও উপযুক্ত পরিবেশ (২) টেকসই ও কার্যকর প্রতিষ্ঠান এবং (৩) অস্বচ্ছল ও সুবিধাবঞ্চিত কিন্তু সম্ভাবনাময়ী উদ্যোক্তাদের আর্থিক ও ব্যবসা সহায়ক সেবা সহায়তা লাভের সুযোগ প্রাপ্তি। এ তিনটি প্রধান বিষয় বিবেচনায় নিয়ে এসএমই উন্নয়নে সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে 'এসএমই নীতিমালা ২০১৯'-এ নীতি বাস্তবায়ন কৌশলের ওপর গুরুত্ব দেয়া হয়েছে।

এসএমই খাতের বর্তমান অবস্থা ও সংশ্লিষ্ট নীতিসমূহ বিবেচনায় নিয়ে 'এসএমই নীতিমালা ২০১৯' প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালায় এসএমই সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান এবং প্রশাসনিক কার্যক্রম সহজীকরণের মাধ্যমে এসএমই খাতে সবার জন্য সুযোগ তৈরির লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীতব্য কর্মকৌশলসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, মানব সম্পদ উন্নয়ন, ব্যবসা উন্নয়ন সেবা, অর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ ও প্রযুক্তি বিকাশ ইত্যাদির পাশাপাশি এ নীতিমালায় ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন কৌশল গ্রহণের উপর জোর দেয়া হয়েছে।

# অধ্যায় ২

# রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল

## ২.১ রূপকল্প (ভিশন)

এসএমই খাতকে শক্তিশালীকরণ।

## ২.২ অভিলক্ষ্য (মিশন)

দক্ষতা বৃদ্ধি, ব্যবসা পরিবেশ উন্নয়ন, সুলভ অর্থায়ন, বাজার সুবিধা, প্রযুক্তি ও উদ্ভাবনগত সামর্থ্য বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে এসএমই খাতকে শক্তিশালীকরণ।

## ২.৩ লক্ষ্য

সরকারের উন্নয়ন রূপকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ২০২৪ এর মধ্যে জাতীয় আয়ে (জিডিপি) এসএমই খাতের অবদান বিদ্যমান ২৫ শতাংশ থেকে ৩২ শতাংশে উন্নীতকরণ।

## ২.৪ উদ্দেশ্য

২.৪.১ টেকসই পরিবেশবান্ধব এসএমই খাতের উন্নয়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ খাতসমূহের ভূমিকা এবং এসএমই সংশ্লিষ্ট নীতি বাস্তবায়নের কৌশলমূহ চিহ্নিত করা;

২.৪.২ এসএমই খাতের বিকাশ ও সম্প্রসারণে প্রয়োজনীয় অবকাঠামো ও ক্লাস্টার উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন এবং আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদানে সহায়ক নীতি প্রণয়ন করা;

২.৪.৩ এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন প্রাপ্তির সুযোগ বৃদ্ধি, আইসিটিভিত্তিক প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার, উৎপাদনশীলতার কৌশল উন্নয়ন, পণ্যের বাজারজাতকরণে সহায়তাকরণ, বৃহৎ শিল্পের সাথে এসএমইদের সংযোগ স্থাপন এবং আইনী ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে এসএমই-বান্ধব পরিবেশের উন্নয়ন করা;

২.৪.৪ এসএমই খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রতিষ্ঠা এবং নতুন এসএমই উদ্যোগ সৃষ্টি (স্টার্টআপ), ব্যবসা পরিচালনা ও বিকাশে অন্তরায় হতে পারে এমন সরকারি নীতি ও বিধি-বিধান যুগোপযোগী করা;

২.৪.৫ এসএমই খাতের প্রতিযোগিতা সক্ষমতা এবং উদ্ভাবনীমূলক সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি) কার্যক্রম বৃদ্ধি ও জোরদারকরণ; এবং

২.৪.৬ এসএমই খাতে বিরাজমান ও উদ্ভূত সমস্যাসমূহ সমাধানের নিমিত্ত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, সংস্থা এবং বাণিজ্য সংগঠনকে একক প্ল্যাটফর্মে নিয়ে আসার লক্ষ্যে কার্যকর সমন্বিত ব্যবস্থা গড়ে তোলা এবং মুখ্য প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করা।

## ২.৫ বাস্তবায়ন কৌশল

এসএমই নীতিমালা ২০১৯-এ বর্ণিত রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে দেশের এসএমই খাত উন্নয়ন এবং শক্তিশালীকরণে নিম্নোক্ত কৌশলসমূহ নির্ধারণ করা হয়েছেঃ

২.৫.১ ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন;
২.৫.২ প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি;
২.৫.৩ প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্য বা সেবার বাজারে প্রবেশে সহায়তা;
২.৫.৪ এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্টআপ সহায়তা প্রদান;
২.৫.৫ এসএমই ক্লাস্টারভিত্তিক বিজনেস নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ;
২.৫.৬ আইসিটি ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি;
২.৫.৭ উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার;
২.৫.৮ নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান;
২.৫.৯ এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান;
২.৫.১০ পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা এবং বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়ন এবং
২.৫.১১ এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা।

# অধ্যায় ৩
# প্রয়োগ ও পরিধি

### ৩.১ প্রয়োগ ও পরিধি

৩.১.১ 'এসএমই নীতিমালা ২০১৯'-এ জিডিপিতে এসএমই খাতের কাঙ্ক্ষিত অবদান বৃদ্ধি ও দারিদ্র্য নিরসনের নিমিত্ত সরকারি ও ব্যক্তিখাতের সমন্বিত প্রচেষ্টায় ব্যাপকভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম গ্রহণের ওপর জোর দেয়া হয়েছে।

৩.১.২ 'জাতীয় শিল্পনীতি ২০১৬' এবং তদপরবর্তী প্রণীত শিল্পনীতিতে সংজ্ঞায়িত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প 'এসএমই নীতিমালা ২০১৯'-এর আওতাভুক্ত হবে।

৩.১.৩ পরবর্তী এসএমই নীতিমালা প্রণীত না হওয়া পর্যন্ত এ নীতিমালার কার্যকারিতা অব্যাহত থাকবে। তবে 'এসএমই নীতিমালা ২০১৯'-এ অন্তর্ভুক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রয়োজনে সময়ে সময়ে পরিবর্তন এবং পরিবর্ধন করা যাবে।

# অধ্যায় ৪
# বাস্তবায়ন কৌশল

### ৪.১ কৌশলগত লক্ষ্য ১: ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন

৪.১.১ এসএমই সংশ্লিষ্ট ব্যবসা পরিবেশের উন্নতি সাধন ও বিনিয়োগকারীদের অধিকার সুরক্ষায় বিদ্যমান ব্যবসা সম্পর্কিত প্রশাসনিক শর্তসমূহ সহজ করা হবে। এসএমই উন্নয়নে বিশেষ করে রপ্তানিমুখী শিল্পে সহায়ক সেবা ও সক্ষমতা/বৃদ্ধির লক্ষ্যে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.১.২ এসএমই খাতের উন্নয়নে প্রতিনিধিত্বকারী ও অন্যান্য সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় জোরদারকরণ করা হবে এবং সরকারি ও ব্যক্তিখাতের সমন্বিত প্রচেষ্টায় ব্যাপকভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম গ্রহণের নিমিত্ত কর্মসূচিগুলো একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ ব্যবস্থাধীনে নিয়ে আসা হবে।

৪.১.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.১.৩.১ এসএমই ব্যবসা পরিচালনায় আইনি ও প্রশাসনিক শর্ত সহজীকরণ;
৪.১.৩.২ কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণ;
৪.১.৩.৩ রপ্তানিমুখী এসএমই খাতকে বিনিয়োগ ও রাজস্ব প্রণোদনা প্রদান;
৪.১.৩.৪ প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বয় জোরদারকরণ; এবং
৪.১.৩.৫ বিসিক, এসএমই ফাউন্ডেশন এবং এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি শক্তিশালীকরণ।

### ৪.২ কৌশলগত লক্ষ্য ২: প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি

৪.২.১ এসএমই খাতে ঋণ চাহিদা পূরণের জন্য টেকসই অর্থায়ন ব্যবস্থা প্রতিষ্ঠা করা হবে।

৪.২.২ এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন প্রাপ্তির সুযোগ বৃদ্ধির লক্ষ্যে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.২.২.১ এসএমই অর্থ প্রাপ্তি সুযোগ বৃদ্ধির জন্য টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা;
৪.২.২.২ এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করা;
৪.২.২.৩ উদ্ভাবনীমূলক এসএমই অর্থায়নে সহায়তা করা ও এসএমই ব্যাংক স্থাপন করা;
৪.২.২.৪ হ্রাসকৃত হারে এসএমইদের ঋণ সহায়তা দিতে পুনঃঅর্থায়ন স্কীম শক্তিশালী করা;
৪.২.২.৫ ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম শক্তিশালীকরণের মাধ্যমে সহজশর্তে ও স্বল্পসুদে ঋণপ্রদান; এবং
৪.২.২.৬ এসএমই ক্রেডিট গ্যারান্টি ফান্ড চালুকরণ ।

### ৪.৩ কৌশলগত লক্ষ্য ৩: প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্যের বাজারে প্রবেশে সহায়তা

৪.৩.১ এসএমই খাতকে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের চালিকাশক্তিতে পরিণত করার লক্ষ্যে দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এসএমই খাতের প্রতিযোগিতা ও রপ্তানি সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.৩.২ এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণ, নতুন বাজার সৃষ্টি এবং বাজারজাতকরণের কৌশল চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা হবে।

৪.৩.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৩.৩.১ এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা;
৪.৩.৩.২ এসএমইদের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
৪.৩.৩.৩ নতুন বাজার বিশ্লেষণ বিষয়ে পরামর্শ ও তথ্য সেবা প্রদান;
৪.৩.৩.৪ রপ্তানি বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধি;
৪.৩.৩.৫ উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এসএমই পণ্য মেলা আয়োজন;
৪.৩.৩.৬ আঞ্চলিক এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র স্থাপন করা; এবং
৪.৩.৩.৭ জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান করা।

### ৪.৪ কৌশলগত লক্ষ্য ৪: এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্ট-আপ সহায়তা প্রদান

৪.৪.১ ব্যবসা নিবন্ধন পদ্ধতি এবং ব্যবসা শুরুর (স্টার্টআপ) প্রক্রিয়া সহজ, দ্রুততর ও এসএমইবান্ধব করার লক্ষ্যে অনলাইন রেজিস্ট্রেশন, ওয়ানস্টপ সেবাসহ নানাবিধ আর্থিক ও অ-আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে এসএমইদের প্রয়োজনীয় সহায়তা দেয়া হবে।

৪.৪.২ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৪.২.১ কম খরচে ও স্বল্প সময়ে স্টার্টআপ/নতুন ব্যবসা প্রতিষ্ঠায় সহায়তা প্রদান করা;
৪.৪.২.২ অনলাইন/ডিজিটাল ব্যবস্থা চালুর মাধ্যমে স্টার্টআপ প্রক্রিয়া সহজলভ্য করা;
৪.৪.২.৩ ওয়ান স্টপ সেবাকেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে স্টার্টআপ নিশ্চিত করা;
৪.৪.২.৪ পরামর্শ সেবা কেন্দ্রের মাধ্যমে পরামর্শ ও তথ্য সেবা প্রদান করা;
৪.৪.২.৫ এসএমই ওয়েবসাইট তৈরির মাধ্যমে এসএমই উদ্যোক্তাদের জন্য ব্যবসা সহায়ক সেবা বৃদ্ধি করা এবং
৪.৪.২.৬ সম্ভাবনাময় উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ প্রদান।

### ৪.৫ কৌশলগত লক্ষ্য ৫: এসএমই ক্লাস্টারভিত্তিক উদ্যোগ নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ

৪.৫.১ বিসিক শিল্পনগরী এবং এসএমই ক্লাস্টারসমূহে বিদ্যমান দুর্বল অবকাঠামো রাস্তাঘাট, বিদ্যুৎ, গ্যাস, পানি ও যোগাযোগ ইত্যাদির উন্নয়নে বিশেষ কর্মসূচি গ্রহণ করা হবে।

৪.৫.২ জাতীয় অর্থনীতিতে ক্লাস্টারসমূহের গুরুত্ব বিবেচনা করে ক্লাস্টার উন্নয়নের জন্য নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৫.২.১ বিসিক শিল্পনগরী এবং এসএমই ক্লাস্টারসমূহে অবকাঠামোগত সুবিধাদির উন্নতি সাধন;
৪.৫.২.২ শিল্পনগরী/ক্লাস্টারসমূহে ইনকিউবেশন সেন্টার ও কমন ফ্যাসিলিটি সেন্টার স্থাপন;
৪.৫.২.৩ শিল্পনগরী/ক্লাস্টারের সম্ভাবনাময় উদ্যোক্তাদের জামানতবিহীন সিঙ্গেল ডিজিট হারে অর্থায়ন;
৪.৫.২.৪ উদ্যোক্তা ও কর্মীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি; এবং
৪.৫.২.৫ ক্লাস্টারসমূহের উন্নয়ন চাহিদা নিরূপণপূর্বক ক্লাস্টার উন্নয়ন ও ব্যবসা নেটওয়ার্কের প্রসার ঘটানো।

**৪.৬ কৌশলগত লক্ষ্য ৬: তথ্য যোগাযোগ ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি**

৪.৬.১ ই-কমার্স, অনলাইন সাপোর্ট, আউটসোর্সিং ও আইটিভিত্তিক এপ্লিকেশনের মাধ্যমে এসএমইদের সহায়তা দেয়া এবং একাউন্টিং ও আর্থিক রিপোর্টিং সফটওয়ার বিষয়ে দক্ষ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.৬.২ এসএমইদের উদ্ভাবনী সামর্থ্য বৃদ্ধি এবং প্রযুক্তি গ্রহণ ও হস্তান্তরের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যথাযথ ও প্রাসঙ্গিক কৌশল গ্রহণ করা হবে।

৪.৬.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৬.৩.১ এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক, পরিবেশবান্ধব ও জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তির প্রসার ও ব্যবহার;
৪.৬.৩.২ এসএমইদের ই-কমার্সভিত্তিক ব্যবসা সম্প্রসারণে সহায়তা প্রদান;
৪.৬.৩.৩ প্রয়োজনীয় আইসিটিভিত্তিক সহায়তা প্রদানের মাধ্যমে এসএমইদের নতুন প্রযুক্তি গ্রহণ, ব্যবহার ও উদ্ভাবনে সহায়তা করা;
৪.৬.৩.৪ প্রযুক্তি ও ইনোভেশন ইনকিউবেটর স্থাপন; এবং
৪.৬.৩.৫ প্রয়োজনে অটোমেশনের ব্যবহার।

**৪.৭ কৌশলগত লক্ষ্য ৭: এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার**

৪.৭.১ এসএমই খাতের বিকাশে দক্ষ মানব সম্পদ তৈরি এবং দেশের কারিগরি ও উচ্চ শিক্ষা ব্যবস্থায় উপযুক্ত উদ্যোক্তা শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনার ব্যবস্থা করা হবে। এসএমই প্রশিক্ষণ কারিকুলাম তৈরি, গবেষণা, চাহিদাভিত্তিক প্রশিক্ষণ, ইন্টার্নশিপ ইত্যাদির মাধ্যমে বেসরকারি খাতের সাথে কার্যকর যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি করা হবে।

৪.৭.২ মানব সম্পদ উন্নয়নের সাথে সম্পর্কিত এবং উদ্যোক্তা উন্নয়নে সহায়ক অনুকূল পরিবেশ তৈরি করতে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৭.২.১ এসএমই খাতের জন্য উপযুক্ত ব্যবসা প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;
৪.৭.২.২ নতুন উদ্যোক্তা ও ব্যবসা-উদ্যোগ উন্নয়ন বিষয়ক কর্মসূচি পরিচালনা ;
৪.৭.২.৩ স্ট্যান্ডারডাইজড প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি;
৪.৭.২.৪ এসএমই প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সামর্থ্য ও কর্মক্ষমতা বৃদ্ধি;
৪.৭.২.৫ প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ক স্টিয়ারিং কমিটি গঠন;
৪.৭.২.৬ অনলাইন ট্রেনিং কনটেন্ট তৈরি ও ব্যবস্থাপনা;
৪.৭.২.৭ প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন;
৪.৭.২.৮ এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের তথ্যভাণ্ডার তৈরি;
৪.৭.২.৯ প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি।

**৪.৮ কৌশলগত লক্ষ্য ৮: নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান**

৪.৮.১ নারী উদ্যোক্তাদের ব্যবসা শুরু ও ব্যবসা পরিচালনায় অর্থায়ন, প্রাসঙ্গিক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি, ব্যবসা সম্পর্কিত তথ্য সহজলভ্য করা হবে।

৪.৮.২ উন্নয়নের মূল স্রোতধারায় নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৮.২.১ নারী উদ্যোক্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৪.৮.২.২ নারী উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধি এবং বিশেষায়িত ঋণের ব্যবস্থা;
৪.৮.২.৩ নারী উদ্যোক্তা উন্নয়ন তহবিল গঠন;
৪.৮.২.৪ উইমেন চেম্বার এবং সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
৪.৮.২.৫ পুরস্কার এবং বৃত্তি প্রদানের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ এবং
৪.৮.২.৬ বাজার সংযোগে সুযোগ বৃদ্ধি।

## ৪.৯ কৌশলগত লক্ষ্য ৯: এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান

৪.৯.১ টেকসই এসএমই খাত প্রতিষ্ঠার নিমিত্ত চাহিদা ও যোগানের ভারসাম্য বজায় রাখার জন্য যথাক্রমে অগ্রসংযোগ (Forward Linkage) এবং পশ্চাৎসংযোগ (Backward Linkage) শিল্প স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা নেয়া হবে। বৃহৎ শিল্পের উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তি ধারণা এসএমই কর্তৃক সহজে গ্রহণ ও ব্যবহারের সুযোগ তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.৯.২ মুক্তবাজার অর্থনীতিতে প্রতিযোগিতায় টিকে থাকতে নতুন ও আধুনিক পদ্ধতি আয়ত্তকরণে এসএমইদের জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করা হবে এবং এসএমইদের সুরক্ষায় প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন করা হবে।

৪.৯.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৯.৩.১ এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে গড়ে তোলা;
৪.৯.৩.২ সাব-কন্ট্রাক্টিংয়ের মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন;
৪.৯.৩.৩ আন্তর্জাতিক সার্টিফিকেশন পেতে এসএমইদের সহায়তা প্রদান; এবং
৪.৯.৩.৪ এসএমই পণ্য সুরক্ষায় উদ্বুদ্ধকরণ এবং সহায়তা প্রদান।

## ৪.১০ কৌশলগত লক্ষ্য ১০: পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়ন

৪.১০.১ টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে পরিবেশবান্ধব শিল্প ব্যবস্থাপনায় এসএমইদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি সক্ষমতা বৃদ্ধি করা হবে।

৪.১০.২ শিল্প বর্জ্য ব্যবস্থাপনা এবং বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ (Recycling) এর ক্ষেত্রে এসএমইদের বৃহৎ শিল্পের সাথে সংযুক্ত করে দেয়া হবে।

৪.১০.৩ পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়নে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

**কৌশলগত হাতিয়ারসমূহঃ**

৪.১০.৩.১ এসএমই তথ্য ভান্ডার প্রতিষ্ঠা;
৪.১০.৩.২ পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠায় এসএমইদের উৎসাহিতকরণ এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
৪.১০.৩.৩ শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও প্রণোদনা প্রদান;
৪.১০.৩.৪ পরিবেশবান্ধব শিল্প প্রযুক্তির উন্নয়ন এবং ব্যবহার বৃদ্ধি; এবং
৪.১০.৩.৫ বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠায় এসএমইদের সহায়তা প্রদান।

## ৪.১১ কৌশলগত লক্ষ্য ১১: এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিকরূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা

৪.১১.১ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এসএমই খাতের গুরুত্বপূর্ণ অবদানকে প্রাতিষ্ঠানিকরূপ দেয়ার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের সঠিক পরিসংখ্যান নিরূপণ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে।

৪.১১.২ এসএমই খাত সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক গবেষণা এবং প্রযুক্তিগত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করা হবে। তহবিল বৃদ্ধির মাধ্যমে এসএমই খাতে গবেষণা কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিভিন্ন প্রযুক্তি ও ব্যবসা সহায়ক সেবা বিষয়ক প্রকাশনা ভান্ডার সমৃদ্ধ করা হবে।

৪.১১.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলগত হাতিয়ারসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.১১.৩.১ জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের সঠিক পরিসংখ্যান নিরূপণ;
৪.১১.৩.২ এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন সূচক/পরিসংখ্যানের নিয়মিত হালনাগাদকরণ;
৪.১১.৩.৩ এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা; এবং
৪.১১.৩.৪ গবেষণার মাধ্যমে এসএমই সংক্রান্ত বিভিন্ন বই ও ডিরেক্টরি প্রকাশ।

## অধ্যায় ৫

# কৌশল বাস্তবায়ন: মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা

৫.১ 'এসএমই নীতিমালা ২০১৯' প্রণয়ন ও বাস্তবায়নের সাথে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা, উন্নয়ন অংশীদার ও এনজিও জড়িত আছে বিধায় উক্ত নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বিত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সরকারসহ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ভূমিকা ও দায়িত্ব সুস্পষ্টকরণ করা প্রয়োজন।

**৫.২ সরকারের ভূমিকা**

৫.২.১ এসএমই খাতের উন্নয়ন ও বিকাশে সহায়ক অনুকূল পরিবেশ সৃষ্টি এবং এসএমই উন্নয়নে অত্যাবশ্যক অবকাঠামোগত সুবিধাদি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে সরকার কর্তৃক প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

৫.২.২ এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করার জন্য সরকার বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক এবং এসএমইএফের মাধ্যমে ঋণ প্রবাহ বৃদ্ধি, ঋণের ঝুঁকি হ্রাস ও ঋণ লেনদেন ব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করবে।

৫.২.৩ বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে সরকার এসএমই খাতে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের পাশাপাশি সম্প্রসারিত অ-আর্থিক ব্যবসা উন্নয়ন সেবা কার্যক্রম পরিচালনার সুযোগ সৃষ্টি করবে।

৫.২.৪ এসএমই নীতিমালা ২০১৯-এ অন্তর্ভুক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী প্রধান এবং গুরুত্বপূর্ণ সংস্থাসমূহের অনুকূলে এসএমই উন্নয়ন তহবিল বরাদ্দ দেওয়া হবে।

৫.২.৫ উপরিল্লিখিত কার্যক্রমের মাধ্যমে সরকার এ নীতিমালার বাস্তব রূপ দেওয়ার ক্ষেত্রে নেতৃত্ব দিবে এবং এসএমই উন্নয়নে সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অংশীজনদের কাছে এসএমই উন্নয়ন কার্যক্রম তুলে ধরার প্রচেষ্টা অব্যাহত রাখবে।

**৫.৩ শিল্প মন্ত্রণালয়ের পরিবীক্ষণের ভূমিকা**

৫.৩.১ এসএমই নীতিমালা ২০১৯ এর কৌশলসমূহ বাস্তবায়ন পরিবীক্ষণের সার্বিক দায়িত্ব শিল্প মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত থাকবে।

৫.৩.২ শিল্প মন্ত্রণালয় একটি এসএমই শিল্প সংক্রান্ত তথ্য ব্যাংক প্রতিষ্ঠা করবে। এ তথ্য ব্যাংক গবেষণা ও তথ্য নিকাশ হাউজ হিসেবে কাজ করবে এবং প্রধান অংশীজনদের সাথে সংযুক্ত থাকবে। শিল্প মন্ত্রণালয় এসএমই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ডে সমন্বয় সাধন করবে।

**৫.৪ বিসিক, এসএমই ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহ: বাস্তবায়নকারী সংস্থা**

৫.৪.১ এসএমই নীতিমলা ২০১৯-এ বর্ণিত কৌশলগত লক্ষসমূহ ও কর্মপরিকল্পনা সার্বিক বাস্তবায়নের দায়িত্ব বিসিক এবং এসএমই ফাউন্ডেশনের উপর ন্যস্ত থাকবে।

৫.৪.২ বিসিক নিজস্ব কৌশলগত কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে।

৫.৪.৩ এসএমই ফাউন্ডেশন নিজস্ব কৌশলগত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়কে অবহিত করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে।

৫.৪.৪ শিল্প মন্ত্রণালয় নিয়মিতভাবে বিসিক ও এসএমই ফাউন্ডেশন কর্মপরিকল্পনা/কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও কার্যকারিতা পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং প্রয়োজনীয় সরকারি আর্থিক ও অন্যান্য সহযোগিতার ব্যবস্থা করবে।

**৫.৫ অন্যান্য সংস্থার সাথে সমন্বয়**

৫.৫.১ এসএমই খাতের বিকাশ ও উন্নয়ন ত্বরান্বিত ও বেগবান করার জন্য বিসিক এবং এসএমই ফাউন্ডেশন কার্যকর সহযোগিতামূলক পরিবেশ সৃষ্টি করবে। কাজের ক্ষেত্রে অধিক্রম বা একই কাজের যুগপৎ সংঘটন এড়াতে ও ব্যয় কমাতে অন্যান্য সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান যেমনঃ বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি (আইপিএ), বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করবে।

৫.৫.২ এসএমই উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান যেমনঃ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ (নাসিব), বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশন (বাপা), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), ঢাকা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই), চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিসিসিআই), বাংলাক্রাফট, বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড), উইমেন অন্ট্রপ্রনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডব্লিউইএবি) এবং সংশ্লিষ্ট অন্যান্য অ্যাসোসিয়েশন ও চেম্বারসমূহের সাথে কার্যকর সহযোগিতামূলক কার্যক্রম নিশ্চিত করা হবে।

## অধ্যায় ৬
## নীতি কৌশল পরিবীক্ষণ ও মূল্যায়ন

৬.১ এসএমই খাতের উন্নয়নকে বেগবান করার নিমিত্ত 'এসএমই নীতিমালা ২০১৯' বাস্তবায়নের লক্ষ্যে দুইটি গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী ও কার্যকরী কমিটি গঠন করা হবে যেমনঃ ১. জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ এবং ২. জাতীয় এসএমই টাস্কফোর্স। এছাড়া, একটি কারিগরি কমিটি এবং বিষয়ভিত্তিক কয়েকটি ওয়ার্কিং কমিটি গঠন করা হবে।

**৬.২ জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ**

৬.২.১ এসএমই খাতের উন্নয়নে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটি হচ্ছে জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ (এনএসডিসি)।

৬.২.২ এ কাউন্সিলের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন মাননীয় শিল্পমন্ত্রী এবং কাউন্সিল নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৪. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, | সদস্য |
| ৬. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৮. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১৯. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ২০. | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ২১. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২২. | সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৩. | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৪. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ২৫. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ২৬. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ২৭. | চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ২৮. | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| ২৯. | চেয়ারম্যান, বিসিক | সদস্য |
| ৩০. | মহাপরিচালক, বিটাক | সদস্য |
| ৩১. | চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ৩২. | বেসরকারি খাতের ৫ জন প্রতিনিধি (সভাপতি, এফবিসিসিআই; সভাপতি, নাসিব এবং অপর ৩ জন শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৩. | সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৬.২.৩ শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখা জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ (এনএসডিসি) এর সচিবালয় হিসেবে কাজ করবে। প্রতি ছয় মাসে একবার এনএসডিসির সভা অনুষ্ঠিত হবে।

৬.২.৪ এনএসডিসির প্রধান লক্ষ্য হলো এসএমই উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে কৌশলগত নীতি নির্দেশনা প্রদান করার পাশপাশি নীতি কাঠামোর ব্যবস্থা করা এবং এসএমই খাতের সামগ্রিক ও সমন্বিত উন্নয়ন নিশ্চিত করা।

৬.২.৫ পরিষদ প্রয়োজনে উপযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

৬.২.৬ **এনএসডিসির কর্মপরিধি**

৬.২.৬.১ সকল খাতে এসএমই'র সার্বিক উন্নয়নে সহায়তাকল্পে এসএমই টাস্কফোর্স কর্তৃক প্রণীত নীতি ও কৌশলসমূহের পর্যালোচনা ও অনুমোদন দেয়া;

৬.২.৬.২ কর্মপরিকল্পনা বা গৃহীত পদক্ষেপসমূহের অধিকতর সুষ্ঠু বাস্তবায়নের জন্য এসএমই টাস্কফোর্সের ভূমিকা ও দায়িত্ব পর্যালোচনা করা;

৬.২.৬.৩ এসএমই উন্নয়ন সংক্রান্ত নীতি ও কর্মপরিকল্পনাসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে শিল্প মন্ত্রণালয় এবং সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধি;

৬.২.৬.৪ ইকোনমি অব স্কেল ও অপারেশনের ক্ষেত্রে দক্ষতা অর্জনের নিমিত্ত সকল এসএমই উন্নয়ন কর্মকাণ্ডকে পুনর্গঠন ও সংহত করার জন্য আবশ্যকীয় প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক মেকানিজম প্রতিষ্ঠা করা; এবং

৬.২.৬.৫ দেশের এসএমই উন্নয়নে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য দায়িত্বশীল একটি একক প্রতিষ্ঠান বা সংস্থার পৃষ্ঠপোষকতা ও সহায়তায় এসএমই উন্নয়ন ও তৎসম্পর্কিত সকল কর্মকাণ্ডের জন্য তহবিল বরাদ্দ দেয়ার বিষয়ে কৌশল নির্ধারণ।

## ৬.৩ জাতীয় এসএমই টাস্কফোর্স

৬.৩.১ 'এসএমই নীতিমালা ২০১৯'-এ প্রস্তাবিত উদ্যোগসমূহের অগ্রাধিকার নির্ধারণ ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করার কার্যকরী কমিটি হচ্ছে জাতীয় এসএমই টাস্কফোর্স।

৬.৩.২ এসএমই টাস্কফোর্সের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব এবং টাস্কফোর্স নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে।

| | | |
|---|---|---|
| ১. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৩. | সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ৪. | পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য |
| ৫. | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন | সদস্য |
| ৬. | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) | সদস্য |
| ৭. | সদস্য, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | সদস্য |
| ৮. | সদস্য, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) | সদস্য |
| ৯. | সদস্য, বিসিএসআইআর | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বিটাক | সদস্য |
| ১১. | রেজিস্ট্রার, ডিপিডিটি | সদস্য |
| ১২. | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৩. | অর্থ বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৪. | আইসিটি বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৫. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৬. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৭. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৮. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৯. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/পরিচালক পর্যায়ের) | সদস্য |
| ২০. | পরিচালক, এনপিও | সদস্য |
| ২১. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ২২. | বেসরকারি খাতের ৬ জন প্রতিনিধি (সভাপতি, নাসিব; সভাপতি, বাংলাক্রাফ্ট এবং অপর ৪ জন বিভিন্ন ব্যবসা সংগঠন, শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের মধ্যে থেকে শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৩. | যুগ্মসচিব, এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৬.৩.৩ এসএমই টাস্কর্ফোসের সচিবালয় হিসেবে কাজ করবে শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখা। প্রতি তিন মাস অন্তর টাস্কর্ফোসের সভা অনুষ্ঠিত হবে।

৬.৩.৪ এসএমই খাতের বর্তমান ও ভবিষ্যৎ প্রয়োজন বিষয়ে অনুসন্ধান এবং প্রতি পাঁচ বছর অন্তর এসএমই নীতিমালা হালনাগাদকরণের দায়িত্ব টাস্কফোর্সের ওপর ন্যস্ত থাকবে। অধিকন্তু, এসএমই নীতিমালা বাস্তবায়ন পর্যালোচনা ও পুনর্মূল্যায়ন করার জন্য এ খাতের ধারাবাহিক উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান পদক্ষেপসমূহকে কীভাবে সমন্বয় বা খাপ খাওয়ানো হবে সে বিষয়েও সিদ্ধান্ত নিবে টাস্কফোর্স।

৬.৩.৫ টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যক্তি বা সংস্থা প্রধানকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

৬.৩.৬ **এসএমই টাস্কফোর্সের কর্মপরিধি**

৬.৩.৬.১ ওয়ার্কিং কমিটিসমূহ প্রদত্ত সুপারিশসমূহ পর্যালোচনা করা। সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এসএমই কর্মপরিকল্পনার ভিত্তিতে এনএসডিসিকে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান;

৬.৩.৬.২ শিল্প মন্ত্রণালয়, বিসিক, বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশন ও অন্যান্য সম্পর্কিত সংস্থাসমূহের আওতাধীন কর্মকাণ্ড পর্যালোচনা ও পুনর্মূল্যায়ন;

৬.৩.৬.৩ এসএমই তথ্যভান্ডার ও শুমারীর অগ্রগতি ছাড়াও বাংলাদেশের অর্থনীতিতে এসএমই খাতের অবদান পর্যালোচনা;

৬.৩.৬.৪ এসএমই নীতি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সংস্কারের সুপারিশ এবং এসএমই খাতের উন্নয়নের জন্য প্রয়োজনীয় তহবিল ও বাজেট বরাদ্দের উৎসসমূহ চিহ্নিতকরণ;

৬.৩.৬.৫ অংশীজদের মধ্যে সমন্বয় বিধানের মাধ্যম হিসেবে কাজ করা এবং অংশীজনদের মধ্যেকার বিরাজমান মতপার্থক্য বা বিভেদ নিরসন করা; এবং

৬.৩.৬.৬ এসএমই উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে একজন করে এসএমই ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হবে যারা এসএমই সম্পর্কিত সকল তথ্য সরবরাহ করবে।

**৬.৪ ওয়ার্কিং কমিটিসমূহ**

৬.৪.১ এসএমই খাতের জন্য চিহ্নিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর কয়েকটি ওয়ার্কিং কমিটি গঠন করা হবে। এসএমই টাস্কফোর্সের সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ওয়ার্কিং কমিটিসমূহের সদস্য নির্ধারণ করা হবে।

৬.৪.২ ওয়ার্কিং কমিটিসমূহের মধ্যে অন্যতম হলোঃ ব্যবসা পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি; এসএমই অর্থায়ন সংক্রান্ত কমিটি; এসএমই দক্ষতা উন্নয়ন কমিটি, আইসিটি ও প্রযুক্তি উন্নয়ন সংক্রান্ত কমিটি; এসএমই পণ্য বাজারজাতকরণ সংক্রান্ত কমিটি; নারী উদ্যোক্তা উন্নয়ন সংক্রান্ত কমিটি এবং পলিসি অ্যাডভোকেসি, গবেষণা ও এসএমই **তথ্য ভান্ডার/ডেটাবেইজ** সংক্রান্ত কমিটি।

**৬.৫ কারিগরি কমিটি**

৬.৫.১ শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখার দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিবের নেতৃত্বে বিষয়ভিত্তিক পর্যালোচনা ও সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক এক বা একাধিক কারিগরি কমিটি গঠন করা হবে।

## অধ্যায় ৭

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

৭.১ 'এসএমই নীতিমালা ২০১৯'-এর রূপকল্প, মিশন, লক্ষ্য এবং উদ্দেশের ভিত্তিতে জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ পর্যন্ত সময়কালকে উক্ত নীতির বাস্তবায়নকাল হিসেবে নির্ধারণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা এই নীতিমালায় বর্ণিত কমকৌশলসমূহ বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে।

৭.২ এ নীতিমালায় জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। নীতিমালায় অন্তর্ভুক্ত কর্মপরিকল্পনাধীন সকল কর্মকাণ্ড পরিবীক্ষণের পাশাপাশি এগুলো মূল্যায়ন করা হবে। এতে বাস্তবায়নে কোনো ব্যর্থতা বা দীর্ঘসূত্রতা থাকলে তা আগেই চিহ্নিত করে সংশোধনমূলক ব্যবস্থা নেয়া যাবে।

৭.৩ কৌশলসমূহের সার্বিক বাস্তবায়ন তদারক করবে শিল্প মন্ত্রণালয়। কর্মপরিকল্পনায় এগারোটি কৌশলগত লক্ষ্যের প্রতিটির আওতায় গৃহীতব্য কর্মকৌশল বিধৃত হয়েছে। প্রতিটি কর্মকৌশলের জন্য কয়েকটি প্রধান বাস্তবায়নকারী সংস্থা ছাড়াও সহযোগী বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা চিহ্নিত করা হয়েছে।

৭.৪ কর্মকৌশলগুলোর বাস্তবায়ন প্রক্রিয়ায় নানা ধরনের জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা বিবেচনায় নিয়ে কর্মকৌশলসমূহকে স্বল্প মেয়াদি (১ বছরে বাস্তবায়নযোগ্য), মধ্যমেয়াদি (২-৩ বছরে বাস্তবায়নযোগ্য) ও দীর্ঘমেয়াদি (৪-৫ বছরে বাস্তবায়নযোগ্য) এ তিনটি ভাগে বিন্যস্ত করা হয়েছে। কোনো কোনো কর্মকৌশল বাস্তবায়নে ধারাবাহিক প্রক্রিয়া অনুসরণ করা প্রয়োজন হতে পারে বিধায় কিছু কর্মকৌশলকে স্বল্প থেকে মধ্যমেয়াদি এবং কিছু কর্মকৌশলকে স্বল্প থেকে দীর্ঘমেয়াদি স্তরে বিন্যস্ত করা হয়েছে।

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনার ম্যাট্রিক্স

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য ১: ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন** | | | | | | |
| ১. | এসএমই ব্যবসা পরিচালনায় আইনি ও প্রশাসনিক শর্ত সহজীকরণ | ৪.১.৩.১ | • এসএমইদের জন্য তুলনামূলকভাবে বৈধ ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় বিভিন্ন আইনি ও প্রশাসনিক শর্ত যেমন: ব্যবসা নিবন্ধন, লাইসেন্স প্রক্রিয়া ও ক্লিয়ারেন্স শর্তাদি ইত্যাদি সহজ ও নমনীয় করা | স্থানীয় সরকার বিভাগ এবং স্ব স্ব দপ্তর | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, শিল্প মন্ত্রণালয় এবং এসএমইএফ |
| ২. | কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণ | ৪.১.৩.২ | • এসএমই খাতের প্রসারে বাজেটের মাধ্যমে কর প্রণোদনা অব্যাহত রাখা<br>• এসএমইকে পৃথকীকৃত ট্যাক্স (এআইটি, ভ্যাট, ট্যাক্স হলিডে ইত্যাদি) ব্যবস্থার সুবিধা দেওয়া<br>• এসএমই খাতের কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণের লক্ষ্যে বিদ্যমান কর ব্যবস্থা সময়ে সময়ে পর্যালোচনা করা | এনবিআর | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ এবং অর্থ বিভাগ |
| | | | • প্রতিবছর এসএমইএফ কর্তৃক প্রস্তুতকৃত বাজেট প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে এনবিআর ও অর্থ মন্ত্রণালয়ের কাছে উপস্থাপন করার পাশাপাশি ফলোআপ করা | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমইএফ ও বিসিক |
| ৩. | রপ্তানিমুখী এসএমই খাতকে বিনিয়োগ ও রাজস্ব প্রণোদনা প্রদান | ৪.১.৩.৩ | • রপ্তানিমুখী এসএমইদের আর্থিকসহ সকল প্রণোদনায় অগ্রাধিকার প্রদান অব্যাহত রাখা | এনবিআর | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমইএফ, অর্থ বিভাগ, ও বিসিক, শিল্প মন্ত্রণালয় |
| ৪. | প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বয় জোরদারকরণ | ৪.১.৩.৩ | • এসএমই নীতি কৌশলসমূহ বাস্তবায়নে বিসিক স্থানীয় পর্যায়ে (বিভাগ, জেলা/উপজেলা) এসএমইএফ এর সাথে ফ্যাসিলিটিজ শেয়ার করা | বিসিক ও এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| | | | • স্কিটি ও এসএমইএফ যৌথভাবে প্রশিক্ষণ কর্মসূচি ডিজাইন করবে এবং মডিউল, ফ্যাকাল্টি, লজিস্টিক সাপোর্ট ইত্যাদি শেয়ার করা | স্কিটি ও এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক ও এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| | | | • এসএমই ঋণ কর্মসূচি ডিজাইন ও বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ ও বিসিককে সম্পৃক্ত করা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক,এসএমইএফ ও এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| ৫. | বিসিক ও এসএমইএফ এর পুনর্গঠন ও শক্তিশালীকরণ | ৪.১.৩.৪ | • বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর পুনর্গঠন ও শক্তিশালীকরণ | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক |
| | | | • বিভাগ/জেলায় এসএমইএফ এর কার্যালয় স্থাপনের মাধ্যমে ফাউন্ডেশনের কার্যক্রম সম্প্রসারণ ও শক্তিশালীকরণ<br>• এসএমইএফ এর আঞ্চলিক কার্যালয় স্থাপনের জন্য এসএমইএফ এর অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ | এসএমইএফ | | প্রধানমন্ত্রীর কার্যালয়, শিল্প মন্ত্রণালয় ও অর্থ বিভাগ |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য ২: প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি** | | | | | | |
| ৬. | টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা | ৪.২.২.১ | • প্রতি জেলার জন্য বিভিন্ন ব্যাংক (সরকারি ও বেসরকারি) এর মধ্য থেকে একটি ব্যাংককে এসএমই লিড ব্যাংক হিসেবে নির্দিষ্ট করে দেওয়া। এসএমই ঋণ পরিকল্পনার বিষয়ে নির্ধারিত জেলার ব্যাংকগুলোর কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য লীড ব্যাংক কনসোর্টিয়াসম লিডার হিসেবে কাজ করা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংকসমূহ, বিসিক, শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ এবং নাসিব |
| | | | • বাণিজ্যিক ব্যাংকগুলোর প্রতিটি শাখায় এসএমই ডিপার্টমেন্ট/ইউনিট/উইং স্থাপন ও কার্যকর রাখা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং এসএমইএফ |
| ৭. | এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করা | ৪.২.২.২ | • বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিটি ইউনিটকে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া<br>• নির্দিষ্ট সময় অন্তর সকল এসএমই ইউনিটের কর্মকান্ড তদারকী এবং এসএমই অর্থায়নে উদ্বুদ্ধকরণ<br>• রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো কর্তৃক এসএমই অর্থায়নে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং এসএমইএফ |
| ৮. | উদ্ভাবনীমূলক এসএমই অর্থায়ন | ৪.২.২.৩ | • বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশন এসএমই উদ্যোক্তাদের জন্য পরীক্ষামূলক ভিত্তিতে ক্রেডিট গ্যারান্টি স্কিম (সিজিএস) চালু করবে | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | অর্থ বিভাগ, বিসিক, এসএমইএফ এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • এসএমইদের জন্য এন্ট্রাপ্রনিরওরশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) হতে ঋণ প্রাপ্তির শর্ত সহজীকরণ | বাংলাদেশ ব্যাংক এবং আইসিবি | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | অর্থ বিভাগ, বিসিক, এসএমইএফ এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • এসএমইএফ বাংলাদেশ ব্যাংকের সহায়তায় বেশ কিছু ফ্যাক্টরিং অর্থায়ন ব্যবস্থা পরীক্ষামূলকভিত্তিতে চালু | বাংলাদেশ ব্যাংক বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | অর্থ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • স্টার্ট আপ এসএমই অর্থায়ন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন (বিকল্প বিনিয়োগ) আইন ২০১৫ এর আওতায় উল্লেখযোগ্য সংখ্যক ভেনচার ক্যাপিটাল ফান্ড ম্যানেজার নিয়োগ | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | অর্থ বিভাগ, বিসিক, শিল্প মন্ত্রণালয়, এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন |
| ৯. | পুনঃঅর্থায়ন স্কীম শক্তিশালীকরণ | ৪.২.২.৪ | • পুনঃঅর্থায়ন স্কীমের বিদ্যমান দাতাদের সাথে কার্যকরভাবে সম্পৃক্ত হওয়ার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ও শিল্প মন্ত্রণালয় পুনঃঅর্থায়ন স্কীমের জন্য বিদেশি তহবিল বৃদ্ধি এবং এ উদ্দেশ্যে নতুন দাতার সন্ধান করা | বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বিসিক, এসএমইএফ এবং নাসিব |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এসএমই খাতের ক্রমবর্ধমান ঋণ চাহিদা পূরণে সরকার পুনঃঅর্থায়ন স্কীমে বাজেট বরাদ্দ | বাংলাদেশ ব্যাংক এবং অর্থ বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমইএফ, নাসিব |
| ১০. | ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম শক্তিশালীকরণ | ৪.২.২.৫ | • এসএমইএফ ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম (সিডব্লিউএস) গাইডলাইন তৈরি করে শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক তা বাংলাদেশ ব্যাংকের সাথে শেয়ার করা<br>• সিডব্লিউএস বিষয়ে এসএমইএফ ও বাংলাদেশ ব্যাংকের অভিজ্ঞতার উপর ভিত্তি করে পূর্ণ বাস্তবায়নের জন্য একটি সমন্বিত সিডব্লিউএস গড়ে তোলা | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • এসএমই খাতের ক্রমবর্ধমান ঋণ চাহিদা পূরণে সরকার এসএমইএফ এর ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম শক্তিশালীকরণে বাজেট বরাদ্দ | অর্থ বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বাংলাদেশ ব্যাংক এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • এসএমইএফ সিডব্লিউএস এর আওতাভুক্ত সুবিধাভোগীদের একটি তালিকা তৈরি করে শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করবে এবং তা বাংলাদেশ ব্যাংকের সাথে শেয়ার করবে | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয় |
| ১১. | এসএমই অর্থায়নে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অ-আর্থিক কর্মসূচি আয়োজন করা | ৪.২.২.৬ | • এসএমই খাতে অর্থায়ন বৃদ্ধিকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিভাগ/জেলা শহরে নিয়মিতভাবে ব্যাংকার-উদ্যোক্তা সম্মেলন, সেমিনার, ঋণ সম্পর্কিত ম্যাচমেকিং, ব্যাংকারদের প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচি আয়োজন করা | এসএমইএফ এবং বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংকসমূহ, শিল্প মন্ত্রণালয় এবং নাসিব |
| **কৌশলগত লক্ষ্য ৩: এসএমইদের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্যের বাজারে প্রবেশে সহায়তা** | | | | | | |
| ১২. | এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা | ৪.৩.৩.১ | • এসএমই পণ্যের গুণগতমান উন্নয়নের জন্য বিএসটিআই ও বিশ্বের অন্যান্য দেশ কর্তৃক নির্ধারিত পণ্যের গুণগতমান নিয়ন্ত্রণ কৌশল ও স্ট্যান্ডার্ড অব টেস্টিং বিষয়ে এসএমইদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | বিসিক, এনপিও এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিএফটিআই, বিআইএম, বিএমইটি, বিসিআই, এনজিও এবং নাসিব |
| ১৩. | প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা | ৪.৩.৩.২ | • এসএমই উদ্যোক্তা ও কর্মীদের নেতৃত্ব ও পরিচালনা বিষয়ক, ব্যবসা ব্যবস্থাপনা,পণ্যের উৎপাদন ও পণ্যের মানোন্নয়ন বিষয়ক এবং কারিগরি ও প্রযুক্তিগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা<br>• সকল প্রাসঙ্গিক বিষয়ে প্রশিক্ষণ মডিউল তৈরি এবং সেগুলোকে অনলাইনের মাধ্যমে সহজলভ্য করা | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিএফটিআই, বিআইএম, বিএমইটি, বিসিআই, বিসিসিআই, নাসিব, ডব্লিউইএবি এবং এনজিও |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ১৪. | নতুন বাজার বিশ্লেষণ বিষয়ে পরামর্শ ও তথ্য সেবা | ৪.৩.৩.৩ | • এসএমই পণ্যের নতুন বাজার সন্ধানের ক্ষেত্রে এসএমইএফ কার্যালয়ে অবস্থিত অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ ও তথ্য সেবা প্রদান করা। সুবিধাজনক ও উপযুক্ত বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধি | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয় |
| ১৫. | রপ্তানি বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধি | ৪.৩.৩.৪ | • বাণিজ্য মেলা ও বাণিজ্য মিশনের মাধ্যমে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে এসএমই'র অংশগ্রহণে সহায়তা প্রদান | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | পররাষ্ট্র মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বিসিক, ব্যবসা সংগঠন ও সংস্থা |
| ১৬. | আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে এসএমই পণ্য মেলা আয়োজন | ৪.৩.৩.৫ | • বিভাগীয় ও জেলা পর্যায়ে আঞ্চলিক এসএমই পণ্য মেলার আয়োজন | এসএমইএফ এবং স্থানীয় প্রশাসন | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | মন্ত্রিপরিষদ বিভাগ, বিসিক,শিল্প মন্ত্রণালয়, নাসিব এবং স্থানীয় চেম্বার্স |
| | | | • প্রতিবছর জাতীয় এসএমই পণ্য মেলার আয়োজন | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, নাসিব, এফবিসিসিআই এবং শিল্প মন্ত্রণালয় |
| ১৭. | জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান করা | ৪.৩.৩.৬ | • দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উদ্যোক্তাদের বিশেষ অবদানকে স্বীকৃতি দিতে জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয় |
| ১৮. | আঞ্চলিক এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র স্থাপন | ৪.৩.৩.৭ | • প্রতিটি বিভাগ ও জেলায় এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র প্রতিষ্ঠা করা (এজন্য বিসিকের সুবিধাদি ব্যবহার করা যেতে পারে)। | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয় |
| **কৌশলগত লক্ষ্য ৪: এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্ট-আপ সহায়তা প্রদান** | | | | | | |
| ১৯. | কম খরচে ও স্বল্প সময়ে/দ্রুততার সাথে স্টার্ট আপ/নতুন ব্যবসা প্রতিষ্ঠায় সহায়তা প্রদান | ৪.৪.২.১ | • লাইসেন্সিং, রেজিস্ট্রেশন ইত্যাদির জন্য অনলাইন এপ্লিকেশনে স্টার্টআপসমূহের প্রবেশের সুযোগ করে দেওয়া<br>• স্টার্টআপসমূহের জন্য টেইলরমেইড প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়ন | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, আইসিটি বিভাগ এলজিআরডি, ব্যবসা সংগঠন/সংস্থা এবং নাসিব |
| ২০. | অনলাইন/ডিজিটাল ব্যবস্থা চালুর মাধ্যমে স্টার্ট-আপ প্রক্রিয়া সহজলভ্য করা | ৪.৪.২.২ | • ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় বিভিন্ন প্রত্যায়ন যেমন:- ব্যবসা নিবন্ধন, লাইসেন্স প্রক্রিয়া, পরিবেশ ছাড়পত্র ও ক্লিয়ারেন্স শর্তাদি ইত্যাদি অনলাইন/ডিজিটাল ব্যবস্থা চালু এবং তা কার্যকর রাখার মাধ্যমে সহজলভ্য করা | স্ব স্ব দপ্তর এবং আইসিটি বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক এবং শিল্প মন্ত্রণালয় |
| ২১. | ওয়ান স্টপ সেবা কেন্দ্র প্রতিষ্ঠা | ৪.৪.২.৩ | • বিসিক কর্তৃক নিজ কার্যালয়ে একটি কেন্দ্রীয় ওয়ান স্টপ সেবা কেন্দ্র স্থাপন এবং জেলা পর্যায়ের অন্য সব ওয়ান স্টপ সেবা কেন্দ্রের কর্মকাণ্ড সমন্বয়করণ | বিসিক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | শিল্প মন্ত্রণালয় |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • বিডার নিজস্ব কার্যালয়ের ওয়ান স্টপ সেবা কেন্দ্রের মাধ্যমে নতুন এসএমই ব্যবসা শুরুর প্রয়োজনীয় সহায়তা প্রদান | বিডা | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, শিল্প মন্ত্রণালয় এবং এসএমইএফ |
| ২২. | অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ ও তথ্য সেবা প্রদান | ৪.৪.২.৪ | • এসএমইএফ কার্যালয়ে অবস্থিত অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ ও তথ্য সেবা প্রদান<br>• সরকারের সহায়তায় জেলা/উপজেলায় এসএমই পরামর্শ কেন্দ্র স্থাপন করে পরামর্শ ও তথ্য সেবা প্রদান | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | শিল্প মন্ত্রণালয় |
| ২৩. | এসএমই ওয়েবসাইট তৈরি | ৪.৪.২.৫ | • এসএমই ফাউন্ডেশন আইসিটি বিভাগের সহায়তায় এসএমই ওয়েবসাইট তৈরি ও তা রক্ষণাবেক্ষণ<br>• এটুআই, বিসিক, বেসিস ও অন্যান্য সেক্টরাল স্টেকহোল্ডারদের সহায়তায় এ ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | এসএমইএফ এবং আইসিটি বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক এবং শিল্প মন্ত্রণালয় |
| **কৌশলগত লক্ষ্য ৫: এসএমই ক্লাস্টারভিত্তিক বিজনেস নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ** | | | | | | |
| ২৪. | ক্লাস্টারসমূহে অবকাঠামোগত সুবিধাদির উন্নতি সাধন | ৪.৫.২.১ | • ক্লাস্টারগুলোর প্রতিটিতে ইউটিলিটি সার্ভিস (গ্যাস, পানি, বিদ্যুৎ ইত্যাদি) প্রদানকে অগ্রাধিকার দেওয়া<br>• পণ্য বিপণনে সহায়তাকল্পে ক্লাস্টারের সাথে সড়ক যোগাযোগ উন্নত করা | স্থানীয় প্রশাসন ও স্থানীয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বিসিক, এসএমইএফ, শিল্প মন্ত্রণালয় এবং অ্যাসোসিয়েশন |
| ২৫. | ক্লাস্টারসমূহে ইনকিউবেশন সেন্টার ও কমন ফ্যাসিলিটি সেন্টার স্থাপন | ৪.৫.২.২ | • ইনকিউবেটরের উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য পলিসি গাইডলাইন তৈরি এবং স্বল্প সময়ে তা চূড়ান্তকরণ | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | শিল্প মন্ত্রণালয় |
| | | | • বৃহৎ ক্লাস্টারগুলোতে কমন ফ্যাসিলিটি সেন্টার ও নকশা কেন্দ্র প্রতিষ্ঠা করে প্রযুক্তিগত সেবা প্রদান<br>• সম্ভাবনাময় ক্লাস্টারগুলোতে ইনকিউবেটর স্থাপন | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয়, স্থানীয় অ্যাসোসিয়েশন ও নাসিব |
| ২৬. | ক্লাস্টারের সম্ভাবনাময়ী উদ্যোক্তাদের জামানতবিহীন সিঙ্গেল ডিজিট সুদের হারে অর্থায়ন | ৪.৫.২.৩ | • ক্লাস্টারসমূহের সম্ভাবনাময়ী উদ্যোক্তাদের এসএমইএফ উদ্ভাবিত সিডব্লিউএস এর মাধ্যমে জামানতবিহীন সিঙ্গেল ডিজিট সুদের হারে অর্থায়নের পরিমাণ বৃদ্ধি এবং নারী উদ্যোক্তাদের বিশেষ ঋণ সেবা সুবিধা দেওয়া | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বাংলাদেশ ব্যাংক |
| | | | • ক্লাস্টার অর্থায়নের পরিধি সম্প্রসারণের জন্য এসএমইএফ এর অনুকূলে অর্থ বরাদ্দ | অর্থ বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | এসএমইএফ |
| ২৭. | ক্লাস্টার উদ্যোক্তা ও কর্মীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি | ৪.৫.২.৪ | • ক্লাস্টার উদ্যোক্তা ও কর্মীদের নেতৃত্ব ও পরিচালনা বিষয়ক, ব্যবসা ব্যবস্থাপনা, পণ্যের উৎপাদন ও পণ্যের মানোন্নয়ন বিষয়ক এবং কারিগরি ও প্রযুক্তিগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয়, স্থানীয় অ্যাসোসিয়েশন ও নাসিব |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | জন্য প্রশিক্ষণ আয়োজন | | | |
| ২৮. | ক্লাস্টারসমূহের উন্নয়ন চাহিদা নিরূপণপূর্বক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম | ৪.৫.২.৫ | • ক্লাস্টারসমূহের উন্নয়ন চাহিদা নিরূপণপূর্বক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | শিল্প মন্ত্রণালয়, স্থানীয় অ্যাসোসিয়েশন ও নাসিব |
| **কৌশলগত লক্ষ্য ৬: আইসিটি ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি** | | | | | | |
| ২৯. | প্রয়োজনীয় আইসিটি সহায়তা প্রদান | ৪.৬.৩.১ | • বিভিন্ন আইসিটি এপ্লিকেশন, বিজনেস সলিউশন ও সফটওয়্যার সম্পর্কে এসএমইগুলোকে প্রশিক্ষণ প্রদান<br>• এসএমইদের তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি/উন্নয়নে সহায়তা<br>• আউটসোর্সিং ব্যবসা ও নেটওয়ার্ক বিষয়ে প্রশিক্ষণ প্রদান<br>• ব্যক্তি উদ্যোক্তাদেরকে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান | আইসিটি বিভাগ, বিসিক, এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বেসিস, বিসিসি এবং শিল্প মন্ত্রণালয় |
| ৩০. | এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক, পরিবেশবান্ধব ও জ্বালানী সাশ্রয়ী প্রযুক্তির প্রসার ও ব্যবহার | ৪.৬.৩.২ | • এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক, পরিবেশবান্ধব ও জ্বালানী সাশ্রয়ী প্রযুক্তির প্রসার ও ব্যবহারে সচেতনতা বৃদ্ধি<br>• প্রযুক্তিগত দক্ষতা উন্নয়ন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর প্রশিক্ষণ, আমদানি বিকল্প প্রযুক্তির উন্নয়নে সহায়তা এবং উৎপাদনশীলতা বৃদ্ধি<br>• এসএমইদের কাইজেন বাস্তবায়নের ক্ষেত্রে পরামর্শ প্রদান | বিসিক, এসএমইএফ, এনপিও, বিসিএসআইআর এবং বিটাক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | শিল্প মন্ত্রণালয়, বুয়েট, আইসিটি বিভাগ এবং বুয়েট |
| ৩১. | এসএমইদের ই-কমার্সভিত্তিক ব্যবসা সম্প্রসারণে সহায়তা প্রদান | ৪.৬.৩.৩ | • ই-কমার্সের জন্য গাইডলাইন তৈরি<br>• হ্রাসকৃত ওয়েব ডোমেইন ফিয়ের মাধ্যমে এসএমইকে সহায়তা<br>• এসএমই এর জন্য ব্যান্ড উইডথ ফি কমানো<br>• ই-কমার্স সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান | আইসিটি বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | বিসিক, এসএমইএফ, নাসিব, বেসিস, বিসিসিআই, বাণিজ্য মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয় |
| ৩২. | নতুন প্রযুক্তি গ্রহণ, ব্যবহার ও উদ্ভাবনে সহায়তা প্রদান | ৪.৬.৩.৪ | • প্রযুক্তি গ্রহণ ও হস্তান্তরে সহায়তা করার লক্ষ্যে আরএন্ডডি প্রতিষ্ঠান ও এসএমই এর মধ্যে নেটওয়ার্ক স্থাপন<br>• প্রযুক্তি হস্তান্তরকে সহায়তা ও সহজতর করতে যৌথ বিনিয়োগ উৎসাহিত করা<br>• এসএমই উন্নয়নে আরও ইনোভেশন অনুদান বরাদ্দ দেওয়া<br>• টিভিইটি (TVET) প্রতিষ্ঠান ও এসএমই এর মধ্যে কার্যকর সংযোগ প্রতিষ্ঠা করা | বিসিক, বিটাক এবং বিসিএসআইআর | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক, এসএমইএফ বেসিস, বিসিসিআই,শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, আইসিটি বিভাগ এবং এনএসডিএ |
| ৩৩. | প্রযুক্তি ও ইনোভেশন ইনকিউবেটর স্থাপন | ৪.৬.৩.৫ | • এসএমই খাতের উন্নয়নকল্পে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তি ইনকিউবেশন সেন্টার ও আরএন্ডডি ল্যাব স্থাপনে শিল্প মন্ত্রণালয় সহায়তা প্রদান | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বিসিক, বিটাক, বিসিএসআইআর এবং বুয়েট |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এসএমই ও ইনকিউবেশন কেন্দ্র, বিশ্ববিদ্যালয় ও আরএন্ডডি ল্যাবের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনে বিসিক এবং এসএমই ফাউন্ডেশন সহায়তা<br>• দেশে বিদ্যমান ইনকিউবেশন সুবিধাদির আরও উন্নতি সাধনের সম্ভাব্যতা যাচাইয়ে বিসিক এবং এসএমই ফাউন্ডেশন উদ্যোগ গ্রহণ | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বিটাক এবং বিসিএসআইআর |
| | | | • প্রযুক্তি ও ইনোভেশন ইনকিউবেশন কেন্দ্র স্থাপনে সরকার সিড মানি ও ভর্তুকি প্রদানের ব্যবস্থা | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিসিক, এসএমইএফ, বুয়েট এবং নাসিব |
| **কৌশলগত লক্ষ্য ৭: এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার** | | | | | | |
| ৩৪. | টেইলরমেইড/উপযুক্ত ব্যবসা প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন | ৪.৭.২.১ | • জরিপ পরিচালনা ও স্টেকহোল্ডার পরামর্শের মাধ্যমে খাতভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির চাহিদা নিরূপণ করা<br>• আগামী ৫ বছরের প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করা হবে এবং এসএমইএফ বিসিকের সহায়তায় আউটরীচ প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা | বিসিক, এনপিও এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | শিল্প মন্ত্রণালয়, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন ও নাসিব |
| ৩৫. | স্ট্যান্ডারডাইজড প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি | ৪.৭.২.২ | • স্ট্যান্ডার্ড/ইউনিফর্ম প্রশিক্ষণ কারিকুলাম তৈরি করা (এ ক্ষেত্রে বিএমইটি ও বিটিইবি কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড অনুসরণ করা যেতে পারে) | এনএসডিএ ও শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | বিআইএম,এসএমইএফ, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন ও নাসিব |
| ৩৬. | প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সামর্থ্য ও কর্মক্ষমতা বৃদ্ধি | ৪.৭.২.৩ | • সরকার ও স্ব স্ব প্রতিষ্ঠান/সংগঠন কর্তৃক এসএমইএফ, স্কিটি, বিআইএম, টিভিইটি, বিএফটিআই, বিজিএমইএ ফ্যাশন টেকনোলজি ইনস্টিটিউট, আইসিটি ইনস্টিটিউট ও স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, ব্যবসা সংগঠন, সেক্টর সম্পর্কিত ইনস্টিটিউটের প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া | এনএসডিএ ও শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | এসএমইএফ, স্কিটি, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ট্রেডবডিজ এবং নাসিব |
| | | | • অধিকতর প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নমূলক কর্মসূচি আয়োজনে এসএমই ফাউন্ডেশন, স্কিটি ও অন্যান্য ইনস্টিটিউটকে বাজেট বরাদ্দ | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | এসএমইএফ, স্কিটি, বিআইএম, বিসিক, ট্রেডবডিজ এবং নাসিব |
| ৩৭. | প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ক স্টিয়ারিং কমিটি গঠন | ৪.৭.২.৪ | • এনএসডিএ এর গাইডলাইনের আলোকে প্রশিক্ষণ কারিকুলাম ও কর্মসূচির সমন্বয় সাধন ও তদারকি করার লক্ষ্যে অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়ের নেতৃত্বে স্টিয়ারিং কমিটি গঠন | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | বিসিক, এসএমইএফ বিআইএম, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন ও সংস্থা এবং নাসিব |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ৩৮. | অনলাইন ট্রেনিং কনটেন্ট তৈরি ও ব্যবস্থাপনা | ৪.৭.২.৫ | • এসএমই ওয়েবসাইটের মাধ্যমে প্রশিক্ষণের বিষয়বস্তু অনলাইনে দেওয়ার ব্যবস্থা<br>• দূরশিক্ষণ কর্মসূচি তৈরি ও তা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ | আইসিটি বিভাগ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | এসএমইএফ, শিল্প মন্ত্রণালয় ও নাসিব |
| ৩৯. | প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন | ৪.৭.২.৬ | • নিরপেক্ষ স্বাধীন মূল্যায়নকারী নিয়োগের মাধ্যমে এসএমইএফ, বিআইএম ও স্কিটি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ কর্মসূচিসমূহের প্রভাব মূল্যায়ন করা হবে এবং প্রতি ৩ বছর অন্তর এ মূল্যায়ন কার্যক্রম গ্রহণ<br>• প্রশিক্ষণার্থীদের দ্বারা প্রতিটি প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণপূর্ব ও প্রশিক্ষণান্তর মূল্যায়নের ব্যবস্থা | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক এসএমইএফ, এনএসডিএ সচিবালয়, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন |
| ৪০. | এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের তথ্যভান্ডার তৈরি | ৪.৭.২.৭ | • এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের একটি তথ্যভান্ডার তৈরি করা এবং তা এসএমই ওয়েবসাইটে প্রকাশ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২০ | বিআইএম, এসএমইএফ, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্র্যাক, ব্যবসা সংগঠন/সংস্থা |
| ৪১. | প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি | ৪.৭.২.৮ | • এসএমই খাতের জন্য প্রণীত প্রশিক্ষণ কারিকুলাম ও কর্মসূচি বিষয়ে এসএমইএফ, স্কিটি, বিআইএম ও অন্যান্য ইনস্টিটিউটের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি | ইন্ডাস্ট্রি স্কিল কাউন্সিলসমূহ, এসএমইফ, বিসিক এবং এনএসডিএ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | শিল্প মন্ত্রণালয়, বিআইএম, বিএমইটি, বিটিইবি, ব্র্যাক, নাসিব এবং ব্যবসা সংগঠন/সংস্থা |
| ৪২. | নতুন উদ্যোক্তা ও ব্যবসা-উদ্যোগ উন্নয়ন কর্মসূচি পরিচালনা করা | ৪.৭.২.৯ | • শিক্ষণ ও প্রশিক্ষণ অন্যান্য কর্মসূচির মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নের সহায়ক মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গীর প্রসার<br>• বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ শিক্ষায় উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক কর্মসূচি প্রবর্তন<br>• নির্বাচিত টার্গেট গ্রুপ/সেক্টরের ( যেমন বিদ্যালয় ত্যাগকারী) জন্য উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি গ্রহণে সহায়তা প্রদান<br>• ব্যবসা-উদ্যোগ ও উদ্যোক্তা উন্নয়নে সহায়তাকল্পে প্রকল্প/কর্মসূচি গ্রহণ<br>• বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে উদ্যোক্তা শিক্ষণের আলোকে বিদ্যমান কারিকুলাম মূল্যায়ন করা | এনএসডিএ, বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয়, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্র্যাক, নাসিব এবং ব্যবসা সংগঠন/সংস্থা |
| **কৌশলগত লক্ষ্য ৮: নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান** | | | | | | |
| ৪৩. | নারী উদ্যোক্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পৃথক প্রশিক্ষণের ব্যবস্থা | ৪.৮.২.১ | • নারী উদ্যোক্তাদের জন্য সুনির্দিষ্ট ও লক্ষ্যভিত্তিক উভয় ধরনের (স্বল্প ও দীর্ঘমেয়াদি) প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ | এসএমইএফ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং স্কিটি, বিসিক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয়, ডব্লিউইএবি এসএমই উইমেন অ্যাসোসিয়েশন, নাসিব এবং চেম্বারসমূহ |
| ৪৪. | নারী উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধি এবং বিশেষায়িত | ৪.৮.২.২ | • এসএমই নারী উদ্যোক্তাদের জন্য প্রচলিত ঋণ নীতিমালা আরো সহজতর করা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে | এসএমইএফ |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | ঋণের ব্যবস্থা করা | | • এসএমই নারী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে জামানতবিহীন ঋণ প্রদানের পরিমাণ ও পরিধি সম্প্রসারণ করা | | জুন ২০২১ | |
| | | | • এসএমই নারী উদ্যোক্তাদের অর্থায়ন বৃদ্ধিকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঋণ সম্পর্কিত ম্যাচমেকিং এবং ব্যাংকারদের প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা | এসএমইএফ এবং বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বাণিজ্যিক ব্যাংকসমূহ, উইমেন অ্যাসোসিয়েশন, নাসিব এবং চেম্বারসমূহ |
| | | | • নারী উদ্যোক্তাদের জন্য এসএমইএফ কর্তৃক উদ্ভাবিত বিশেষায়িত ঋণ কর্মসূচির পরিধি সম্প্রসারিত করা | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | অর্থ বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক |
| ৪৫. | নারী উদ্যোক্তা উন্নয়ন তহবিল গঠন | ৪.৮.২.৩ | • এসএমই নারী উদ্যোক্তাদের প্রয়োজন পূরণে নারী উদ্যোক্তা উন্নয়ন তহবিল গঠন<br>• এ তহবিলের উদ্দেশ্য হলো নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেওয়া, চাকুরী সৃষ্টি, হ্রাসকৃত সুদের হারে ঋণ | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | অর্থ বিভাগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, শিল্প মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৪৬. | উইম্যান চেম্বার/ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | ৪.৮.২.৪ | • এসএমই উইমেন চেম্বার/ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | এফবিসিসিআই এবং উইমেন অ্যাসোসিয়েশন, নাসিব এবং চেম্বারসমূহ |
| ৪৭. | পুরস্কার এবং বৃত্তি প্রদানের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ | ৪.৮.২.৫ | • সৃজনশীল এসএমই নারী উদ্যোক্তাদের পুরস্কার প্রদানের ব্যবস্থা | এসএমইএফ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, শিল্প মন্ত্রণালয়, এসএমই উইমেন অ্যাসোসিয়েশন এবং চেম্বারসমূহ |
| | | | • এসএমই নারী উদ্যোক্তাদের জন্য নির্দিষ্ট সংখ্যক বৃত্তির ব্যবস্থা করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | |
| **কৌশলগত লক্ষ্য ৯: এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান** | | | | | | |
| ৪৮. | এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে গড়ে তোলা | ৪.৯.৩.১ | • এসএমই খাতে অগ্রসংযোগ (Forward Linkage) এবং পশ্চাৎসংযোগ (Backward Linkage) শিল্প স্থাপনে বিশেষ প্রণোদনার সুযোগ সৃষ্টি<br>• বৃহৎ শিল্পের উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তি ধারণা এসএমই কর্তৃক সহজে গ্রহণ ও ব্যবহারের সুযোগ তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া<br>• এসএমই এবং বৃহৎশিল্পের মধ্যে বাজার সংযোগ (Market Linkage) স্থাপনে সহায়তা প্রদান | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | শিল্প মন্ত্রণালয় |
| ৪৯. | সাব-কন্ট্রাক্টিং এর মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন | ৪.৯.৩.২ | • এসএমইবান্ধব সাব-কন্ট্রাক্টিং বিধিমালা তৈরি করা | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | এসএমইএফ এবং বিসিক |
| | | | • সরকারি প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট পরিমাণ পণ্য বা সেবা এসএমইদের থেকে ক্রয় নিশ্চিতকরণ | সিপিটিইউ এবং শিল্প মন্ত্রণালয় | | |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এসএমইদের থেকে নির্দিষ্ট কিছু এসএমই পণ্য বা সেবা ক্রয়ের জন্য সরকারি প্রতিষ্ঠানের ওপর বাধ্যবাধকতা সৃষ্টি করা | | | |
| ৫০. | আন্তর্জাতিক সার্টিফিকেশন পেতে এসএমইদের সহায়তা প্রদান | ৪.৯.৩.৩ | • এসএমইকে আইএসও সার্টিফিকেট পেতে এসএমই ফাউন্ডেশন এবং বিসিক সহায়তা করবে এবং বিশেষ ক্ষেত্রে এসএমইকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান<br>• আন্তর্জাতিকভাবে প্রোডাক্ট সার্টিফিকেশন পেতে এসএমইকে সহায়তা | বিএসটিআই | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | শিল্প মন্ত্রণালয়, বিসিএসআইআর, বিসিক এবং এসএমইএফ |
| ৫১. | এসএমইদের বিএসটিআই সনদ, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস প্রাপ্তি সহজীকরণ | ৪.৯.৩.৪ | • বিএসটিআই দপ্তরসমূহে এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে (ডিপিডিটি) এসএমইদের জন্য পৃথক ডেস্ক চালু এবং সচল রাখা<br>• সহজ উপায়ে বিএসটিআই সার্টিফিকেট পেতে এসএমই ফাউন্ডেশন এবং বিসিক এসএমইদের সহায়তা প্রদান | বিএসটিআই এবং ডিপিডিটি | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমইএফ, বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| **কৌশলগত লক্ষ্য ১০: পরিবেশ বান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়ন** | | | | | | |
| ৫২. | পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠায় উৎসাহ প্রদান এবং সচেতনতা সৃষ্টি | ৪.১০.৩.১ | • শিল্প প্রকল্পের জন্য ভূমি ও পানি সম্পদ বরাদ্দের ক্ষেত্রে পরিবেশের উপর এর প্রভাব সমীক্ষা করে সিদ্ধান্ত গ্রহণ<br>• শিল্প কারখানার ধোঁয়া ও বর্জ্যের কারণে বায়ু, ভূমি ও পানিতে ক্ষতিকর প্রভাব বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি<br>• শিল্প প্রতিষ্ঠানসমূহে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে ETP, CETP স্থাপনে উৎসাহ প্রদান | পরিবেশ অধিদপ্তর | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, এসএমইএফ এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • গ্রিন এসএমই ধারণা প্রতিষ্ঠার জন্য পলিসি অ্যাডভোকেসি করা<br>• শিল্প স্থাপন ও পরিচালনায় 3R (Reduce, Reuse এবং Recycle) অনুসরণে এসএমইদের উৎসাহিত | পরিবেশ অধিদপ্তর এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ | বিসিক এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • গ্রিন এসএমই ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন সক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠায় উৎসাহিতকরণ | পরিবেশ অধিদপ্তর এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, এসএমইএফ এবং শিল্প মন্ত্রণালয় |
| ৫৩. | পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠায় প্রণোদনা প্রদান এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান | ৪.১০.৩.১ | • পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকারী/জলবায়ু পরিবর্তনরোধক শিল্প প্রতিষ্ঠান স্থাপনে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রণোদনা প্রদান<br>• ক্লিন ডেভেলপমেন্ট মেকানিজমের আওতায় পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণকারী শিল্প প্রতিষ্ঠানকে সরকার প্রয়োজনীয় সহায়তা প্রদান | পরিবেশ অধিদপ্তর ও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | বিসিক, এসএমইএফ, বিকেএমইএ এবং শিল্প মন্ত্রণালয় |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • মাইক্রো উদ্যোক্তাদের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সংগ্রহের প্রক্রিয়া সহজীকরণ | | | |
| ৫৪. | শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও প্রণোদান প্রদান | ৪.১০.৩.২ | • বিভিন্ন ক্লাস্টার সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের সহায়তায় শিল্প বর্জ্য আধার (Industrial-Waste Bank) তৈরি ও ব্যবস্থাপনায় সহায়তা<br>• বর্জ্য ব্যবস্থাপনায় (পুনঃপ্রক্রিয়াজাতকরণ ব্যবসায়) বৃহৎ শিল্পের সাথে এসএমইদের সংযুক্তিকরণ<br>• শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৩ | শিল্প মন্ত্রণালয়, বিজিএমইএ এবং ক্লাস্টার অ্যাসোসিয়েশন |
| ৫৫. | পরিবেশবান্ধব শিল্প প্রযুক্তির উন্নয়ন এবং ব্যবহার বৃদ্ধি | ৪.১০.৩.৩ | • পুনঃপ্রক্রিয়াজাতকরণ (Recycling) ক্লাস্টারসমূহে পরিবেশবান্ধব প্রযুক্তি উন্নয়ন এবং ব্যবহার | বিসিএসআইআর এবং বিটাক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৩ | বিসিক, এসএমইএফ এবং শিল্প মন্ত্রণালয় |
| ৫৬. | বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠায় এসএমইদের সহায়তা প্রদান | ৪.১০.৩.৪ | • পরিবেশবান্ধব বর্জ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠায় উদ্যোক্তাদের আর্থিক প্রণোদনাসহ সম্ভাব্য সকল ধরনের সহায়তা<br>• এসএমইদের পুনঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) পণ্য উৎপাদনে বিশেষ (আর্থিক ও প্রযুক্তিগত) প্রণোদনা প্রদান | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | বিজিএমইএ, বিকেএমইএ এবং শিল্প মন্ত্রণালয় |
| **কৌশলগত লক্ষ্য ১১: এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিকরূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা** | | | | | | |
| ৫৭. | জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের সঠিক পরিসংখ্যান নিরূপণ | ৪.১১.৩.১ | • প্রতি দশ বছর অন্তর অন্তর বিবিএস কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারীতে এসএমই অংশ অন্তর্ভুক্ত করে অর্থনৈতিক শুমারী পরিচালনা করা | বিবিএস | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৩ | এসএমইএফ, বিসিক, এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| | | | • নিয়মিতভাবে এসএমআই জরিপ করা<br>• বাৎসরিকভিত্তিতে জিডিপিতে এসএমই খাতের অবদান এবং এসএমই নীতিমালা ২০১৯ এর অনুচ্ছেদ-২.৩ এ নির্ধারিত অর্থবছরভিত্তিক লক্ষ্যমাত্রা পরিমাপ করা | বিবিএস | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | |
| | | | • দেশের মোট রপ্তানিতে এসএমই খাতের অবদান সংকলিত করে প্রকাশ এবং এজন্য রিপোর্টিং সংক্রান্ত গাইডলাইন তৈরি | ইপিবি | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | |
| ৫৮. | এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন সূচক/পরিসংখ্যানের উন্নয়ন এবং নিয়মিত হালনাগাদকরণ | ৪.১১.৩.২ | • এসএমইএফ গুরুত্বপূর্ণ নির্দেশক বা সূচকসমূহের উপর নিয়মিতভাবে এসএমই পরিসংখ্যান প্রকাশ করবে<br>• এসএমই ফাউন্ডেশন কর্তৃক বাৎসরিক বা অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রধান প্রধান এসএমই সূচক প্রকাশ | এসএমইএফ | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | ইপিবি, বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ৫৯. | এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা | ৪.১১.৩.৩ | • এসএমই সংশ্লিষ্ট বিষয়ে (বিসিক, এসএমই ফাউন্ডেশন, বিবিএস বা অন্য কোন প্রতিষ্ঠান দ্বারা) জরিপ পরিচালনার পাশপাশি গবেষণা সমীক্ষা পরিচালনা | বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ | এসএমইএফ এবং বিবিএস |
| | | | • নারী এসএমই উদ্যোক্তাসহ এসএমই খাতের বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পরিচালনা | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| ৬০. | গবেষণার মাধ্যমে এসএমই সংক্রান্ত বিভিন্ন বই ও ডিরেক্টরি প্রকাশ | ৪.১১.৩.৪ | • এসএমই উন্নয়ন বিষয়ে বার্ষিক/দ্বিবার্ষিক ভিত্তিতে আন্তর্জাতিক জার্নাল প্রকাশ<br>• সময়ে সময়ে ব্যবসা সহায়ক সেবা এবং প্রযুক্তি সেবা বিষয়ক বিভিন্ন ডিরেক্টরি প্রকাশ করা | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |